দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 NOV 2017
পৃষ্ঠা 2 কলাম ৬

# প্রাথমিক সমাপনী পরীক্ষার দ্বিতীয় দিনও অনুপস্থিত লক্ষাধিক

স্টাফ রিপোর্টার ॥ শান্তিপূর্ণভাবেই প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষার দ্বিতীয় দিন পার করেছে সারাদেশের প্রাথমিক স্তরের ৩০ লাখেরও বেশি শিক্ষার্থী। তবে সোমবার বাংলা পরীক্ষাতেও নিবন্ধন করে কেন্দ্রে অনুপস্থিত ছিল এক লাখ ৪৬ হাজার শিক্ষার্থী। এর আগে রবিবার প্রথম দিন ইংরেজী পরীক্ষায় অনুপস্থিত ছিল এক লাখ ৪৫ হাজার পরীক্ষার্থী।

সোমবার পরীক্ষা শেষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণকক্ষ সূত্রে জানা গেছে, প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীদের মধ্যে অনুপস্থিত ছিল এক লাখ ৭ হাজার ৯২৩ জন। বহিষ্কার হয়েছে ১৯ জন। এছাড়া ইবতেদায়িতে অনুপস্থিত ছিল ৩৯ হাজার ৪১৯ জন। তবে প্রথম দিনে কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সমন্বয়ে প্রতি জেলায় পরীক্ষা কার্যক্রম পরিদর্শনের জন্য ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মন্ত্রণালয় এবং অধিদফতরে পরীক্ষা নিয়ন্ত্রণকক্ষ খোলা হয়েছে।